

## প্রেস বিজ্ঞপ্তি

### জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ১৮টি প্রতিষ্ঠানকে ১.৬৯ হাজার টাকা জরিমানা

৭ আগস্ট ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৫ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, খুলনা, পটুয়াখালী, বরিশাল ও সিলেটে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর বনানী এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে ফখরুদ্দিন হোটেল এন্ড রেস্টুরেন্টকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে রুচি হোটেল এন্ড রেস্টুরেন্ট ও প্রিন্স হোটেল এন্ড রেস্টুরেন্টকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা করে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে রাজভোগ সুইটস এন্ড বেকারীকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে বিক্রমপুর মিষ্টান্ন ভান্ডার এন্ড বেকারীকে ৪৭,০০০/- (সাতচল্লিশ হাজার) টাকাসহ মোট ১,১৭,০০০/- (এক লক্ষ সতের হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনের আলমের নেতৃত্বে খুলনা সদর এলাকায় ২টি প্রতিষ্ঠানকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে পটুয়াখালীর কলাপাড়া উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ান নেতৃত্বে বরিশাল সদর এলাকায় ৩টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সিলেটের কোতয়ালী থানা এলাকায় ৩টি প্রতিষ্ঠানকে ১৩,০০০/- (তের হাজার) টাকাসহ মোট ৪৯,০০০/- (উনপঞ্চাশ হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা ও ওজনে কারচুপির অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে নন্দন পার্ককে ৩,০০০/- (তিন হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

আজকের ৫টি বাজার তদারকি ও অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ১৮টি প্রতিষ্ঠানকে মোট ১,৬৯,০০০/- (এক লক্ষ ঊনসত্তর হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ১ জন অভিযোগকারীকে মং ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, র‍্যাভ এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-  
(আফরোজা রহমান)  
সহকারী পরিচালক

#### অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, খুলনা, সিলেট ও বরিশাল মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, খুলনা, পটুয়াখালী, বরিশাল ও সিলেট।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, খুলনা, পটুয়াখালী, বরিশাল ও সিলেট।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।